গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
চেয়ারম্যানের কার্যালয়
নিম্নতম মজুরী বোর্ড
নাভানা শাহ্ পোরশিয়া (১৪তম তলা)
৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ই-মেইলঃ chairman_mwbdhaka@yahoo.com
Website-www.mwb. gov.bd

নম্বর: ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৯.২২

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২
০২ জুন ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২৯ জানুয়ারি ২০২৫ তারিখের ৪০.০০.০০০০.০১৯.৩৬.০০২.২৪.১১৭ নম্বর স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী রাজস্ব খাতভুক্ত নিম্নতম মজুরী বোর্ডের নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল ২০১৫) অনুযায়ী | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | অনূর্ধ্ব ৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ। |
| ২. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে আগামী ০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, নাভানা শাহ্ পোরশিয়া (১৪তম তলা) ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর আবেদন দাখিল করতে হবে। খামের উপর প্রেরক ও প্রাপকের পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা এবং নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। নির্ধারিত আবেদন কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরির আবেদন ফরম নিম্নতম মজুরী বোর্ডের ওয়েবসাইট www.mwb. gov.bd হতে ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। প্রার্থীর বয়স ০১ জুন ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। কোনোক্রমেই বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থী এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে।

CS CamScanner

অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৮। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

ঙ) প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ এ উল্লিখিত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং-২ এ উল্লিখিত নিরাপত্তা প্রহরী পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ১-৩১৪৪-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানপূর্বক চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

চ) প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ১টি ১০"×৫" সাইজের ফেরৎ খাম প্রদান করতে হবে।

৯। সত্যয়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

১০। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১১। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১২। শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১৩। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৪। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুসরণ করা হবে।

১৫। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

১৬। নিরাপত্তা প্রহরী পদে "শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল ট্রাইব্যুনাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২" অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

১৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাকে প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৯। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনো প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।

Raisha Afroz 02-05-2023

(রাইসা আফরোজ)
সচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

CamScanner

# চাকরির আবেদন ফরম

০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | তারিখ : | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম ও | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | ব্যাংক ড্রাফট নম্বর: | | তারিখ: | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর

CamScanner